CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2019/TDC/ODD/SEM/BNGGE/
BNGDSC–101T/053**

**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGGE/ BNGDSC–101T

**( বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

প্রতিটি গুচ্ছ থেকে উত্তর দেওয়া আবশ্যিক

**গুচ্ছ—১**

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) কোন্ সময়পর্বকে বাংলা সাহিত্যের প্রাচীন যুগ হিসাবে চিহ্নিত করা হয় ?

(খ) বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র নিদর্শন কোনটি ?

(গ) 'চর্যাপদ' পুঁথিটি কত সালে আবিষ্কৃত হয় ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE


(ঘ) 'চর্যাপদ'-এর একজন টীকাকারের নাম লেখো।

(ঙ) 'চর্যাপদ'-এর মোট পদকর্তা কতজন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) 'চর্যাপদ' কত সালে, কোথা থেকে প্রকাশ করা হয়?

(খ) 'চর্যাপদ'-এর যে কোনো একজন পদকর্তার নাম লেখো। 'চর্যাপদ'-এ কোন্ পদকর্তার সবচেয়ে বেশি পদ পাওয়া যায়?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'চর্যাপদ'-এর সাহিত্যিক মূল্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'চর্যাপদ'-এ বর্ণিত সমকালীন বাংলাদেশের সামাজিক ও ভৌগোলিক পরিবেশের পরিচয় লিপিবদ্ধ করো।

## গুচ্ছ—২

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কার রচনা?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের শেষখণ্ডের নাম কী?

(গ) 'পূর্বরাগ' রসপর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?





(ঘ) কবি গোবিন্দদাসকে কোন্ কবির ভাবশিষ্য বলা হয়?

(ঙ) প্রাক্-চৈতন্যযুগের একজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে, কত সালে আবিষ্কার করেন?

(খ) 'মৈথিল কোকিল' কাকে বলা হয়? তাঁর জন্মস্থান কোথায়?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির বিষয় ও রচনা-বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) বৈষ্ণব পদ রচনায় কবি বিদ্যাপতির কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

## গুচ্ছ—৩

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'মনসামঙ্গল'-এর আদিকবি কে?

(খ) মুকুন্দ চক্রবর্তীকে 'কবিকঙ্কণ' উপাধি কে দিয়েছিলেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE


(গ) 'চণ্ডীমঙ্গল' কাব্যটি আর কী নামে পরিচিত?

(ঘ) 'ধর্মমঙ্গল'-এর শ্রেষ্ঠ কবি কে?

(ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যে সর্বমোট কয়টি খণ্ড আছে?

৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) 'মনসামঙ্গল'-এর পূর্ববঙ্গীয় ধারার দুজন কবির নাম উল্লেখ করো।

(খ) 'ধর্মমঙ্গল'-এর দুজন কবির নাম লেখো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'ধর্মমঙ্গল' কাব্য রচনায় কবি ঘনরাম চক্রবর্তীর কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) ''নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে
রাজা কৃষ্ণচন্দ্রের আজ্ঞায়।''

কবি ভারতচন্দ্র তাঁর কাব্যকে কেন 'নূতন মঙ্গল' বলে অভিহিত করেছেন তা সংক্ষেপে আলোচনা করো।





গুচ্ছ—৪

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) কবি কৃত্তিবাসকে 'এ বঙ্গের অলঙ্কার' অভিধায় কে ভূষিত করেছিলেন?

(খ) কৃত্তিবাস কোন্ শতাব্দীর কবি?

(গ) 'মহাভারত'-এর সবচেয়ে প্রসিদ্ধ বাংলা অনুবাদকের নাম কী?

(ঘ) বাংলায় 'মহাভারত' অনুবাদের ধারায় প্রথম কবি কে?

(ঙ) কাশীরাম দাসের জন্মস্থান কোথায়?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) কৃত্তিবাস ছাড়া বাংলায় আরও দুজন 'রামায়ণ' অনুবাদকের নাম লেখো।

(খ) কৃত্তিবাস ওঝার মা ও বাবার নাম কী?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) কৃত্তিবাসী 'রামায়ণ'-এর জনপ্রিয়তার কারণগুলো বিশদভাবে আলোচনা করো।

(খ) বাংলায় 'মহাভারত' অনুবাদে কবি কাশীরাম দাস কতটুকু স্বকীয়তা দেখিয়েছেন, আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



গুচ্ছ—৫

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) "ওরে নবমী নিশি না হইওরে অবসান।
শুনেছি দারুণ তুমি না রাখ সতের মান॥"

উদ্ধৃত কবিতা-অংশটি শাক্তপদাবলীর কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?

(খ) শাক্তপদাবলীর একজন কবির নাম উল্লেখ করো।

(গ) 'লোরচন্দ্রাণী' বা 'সতীময়না' কার রচনা?

(ঘ) সৈয়দ আলাওল কোন্ রাজসভার সভাকবি ছিলেন?

(ঙ) 'পদ্মাবতী' কাব্যটি কোন্ গ্রন্থের অনুবাদ?

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) আগমনী কাকে বলে?

(খ) রাজসভার সাহিত্য বলতে কী বোঝো?





১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'আগমনী' ও 'বিজয়া' শীর্ষক পদগুলোতে তৎকালীন বাঙালির সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে আলোচনা করো।

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে কবি দৌলত কাজীর কবিকৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2019/TDC/ODD/SEM/**
**BNGAEC–101T/054**

**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGAEC–101T

**( সংযোগের রূপ, রীতি ও প্রয়োগ )**

( For Arts, Science, Commerce—Hons. and Pass Course )

পূর্ণমান : ৫০
উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) ক্রিকেট খেলার মাঠে আমপায়ারের অঙ্গুলি সংকেতকে verbal communication/ non-verbal communication বলে।
( শুদ্ধ উত্তরটি লেখো )

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) সংযোগের ইংরেজি প্রতিশব্দ লেখো।

(গ) বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :

(১) Dialogue

(২) Interview

(ঘ) একসঙ্গে কয়েকজন প্রার্থীর সঙ্গে কথা বলা কোন্ ধরনের সাক্ষাৎকারের লক্ষণ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) সংযোগের সংজ্ঞা লেখো।

(খ) সাক্ষাৎকার কেন নেওয়া হয়?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) দলগত সংলাপের পদ্ধতিসমূহ সংক্ষেপে আলোচনা করো।

(খ) লেখ্য সংযোগের সুবিধা ও অসুবিধাসমূহ আলোচনা করো।

## UNIT—II

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) সংবাদপত্রের ছবি বা কার্টুনের শিরোনাম, টীকা বা বর্ণনাকে কী বলে?

(খ) 'আর্কাইভ্‌স' কী?





(গ) বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :

(১) Document

(২) Radio

(ঘ) কোন্ ধরনের প্রতিবেদনে শিরোনাম, প্রতিবেদকের নাম ও স্থানের নাম উল্লেখ বাঞ্ছনীয়?

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) চলতি নথির সংজ্ঞা লেখো।

(খ) সম্পাদকীয় প্রতিবেদন বলতে কী বোঝ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) প্রতিবেদনের শ্রেণিবিভাগ আলোচনা করো।

(খ) নিম্নলিখিত অনুচ্ছেদটির সারসংক্ষেপ প্রস্তুত করো :

বর্তমান যুগের চিত্তের জ্যোতি পশ্চিম দিগন্ত থেকে বিচ্ছুরিত হয়ে মানব-ইতিহাসের সমস্ত আকাশ জুড়ে উদ্ভাসিত, দেখা যাক তার স্বরূপটা কী। একটা প্রবল উদ্যমের বেগে য়ুরোপের মন ছড়িয়ে পড়েছে সমস্ত পৃথিবীতে—শুধু তাই নয়, সমস্ত জগতে। যেখানেই সে পা বাড়িয়েছে সেইখানটাই সে অধিকার করেছে। কীসের জোরে? সত্য সন্ধানের সততায়। বুদ্ধির আলস্যে, কল্পনার কুহকে, আপাত প্রতীয়মান সাদৃশ্যে,

CENTRAL LIBRARY N.C.COLLEGE



প্রাচীন-পাণ্ডিত্যের অন্ধ অনুবর্তনায় সে আপনাকে ভোলাতে চায়নি; মানুষের স্বাভাবিক প্রবৃত্তি যা বিশ্বাস ক'রে নিশ্চিন্ত থাকতে চায় তার প্রলোভনকেও সে নির্মমভাবে দমন করেছে। নিজের সহজ ইচ্ছার সঙ্গে সংগত ক'রে সত্যকে সে যাচাই করেনি। প্রতিদিন জয় করেছে সে জ্ঞানের জগৎকে; কেননা তার বুদ্ধির সাধনা বিশুদ্ধ, ব্যক্তিগত মোহ থেকে নির্মুক্ত।

## UNIT—III

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) মাইকেল মধুসূদন দত্তের জন্ম কোথায় হয়েছিল ?

(খ) 'বীরাঙ্গনা কাব্য' মধুসূদন কাকে উৎসর্গ করেছেন ?

(গ) জনার স্বামীর নাম কী ?

(ঘ) শূর্পণখার ভাই কে ছিলেন ?

৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) "সাজিছ কি, নররাজ, যুঝিতে সদলে—"
কে, কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছে ?

(খ) সোমদেব কে ? সোমদেবের গুরুর নাম কী ?





৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) 'নীলধ্বজের প্রতি জনা' পত্রকবিতায় প্রতিফলিত 'ড্রামাটিক মনোলগ' ধর্মীতার পরিচয় দাও।

(খ) 'সোমের প্রতি তারা' পত্রকবিতার মর্মার্থ বিশ্লেষণ করো।

## UNIT—IV

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর কত বঙ্গাব্দে জন্মগ্রহণ করেন ?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি ছোটগল্প সংকলনের নাম লেখো।

(গ) মাখনলালের বড় ভাইয়ের নাম কী ?

(ঘ) "টাকা হাতে না পাইলে বর সভাস্থ করা যাইবে না।" কার উক্তি ?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) "ছিঃ মা, এমন কথা বলতে নেই। আর এ টাকাটা যদি আমি না দিতে পারি তা হলে তোর বাপের অপমান আর তোরও অপমান।"
কে, কাকে একথা বলেছে ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) "আচ্ছা গো, তখন দেখিব কোথায় বা তোমার কাজ থাকে, কোথা বা আমি থাকি, আর কোথায় বা তুমি থাক।"

বক্তা কে? বক্তা কোন্ প্রসঙ্গে একথা বলেছে?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) 'দেনা পাওনা' গল্পে পণপ্রথার যে বিষময় পরিণতি তুলে ধরা হয়েছে তা নিজের ভাষায় আলোচনা করো।

(খ) 'মধ্যবর্তিনী' গল্পের নিবারণ চরিত্রটি চিত্রিত করো।

## UNIT—V

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) বারুণী মেলা কোথায় অনুষ্ঠিত হয়?

(খ) বরাক উপত্যকায় চা বাগানে অনুষ্ঠিত একটি লোক-পার্বণের নাম লেখো।

(গ) 'নবান্ন' উৎসব অনুষ্ঠিত হয়

(১) বসন্ত ঋতুতে

(২) হেমন্ত ঋতুতে (শুদ্ধ উত্তরটি লেখো)

(ঘ) নিম্নোক্ত কোনটি বরাক উপত্যকায় গবাদি পশুর মঙ্গল কামনায় উদযাপিত লোক-উৎসব?

(১) গাজন

(২) আইমঙ্গল (শুদ্ধ উত্তরটি লেখো)





১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) বরাক উপত্যকার গ্রাম-গঞ্জের দুটি লোক-ক্রীড়ার নাম লেখো।

(খ) কৃষির সঙ্গে সংযুক্ত দুটি উৎসবের নাম লেখো।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) তোমার আশপাশের কোনো পঞ্চায়েতের সাফল্য অথবা ব্যর্থতা বা অনিয়ম বর্ণনা করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

(খ) বাণিজ্য মেলার প্রয়োজনীয়তা ও গুরুত্ব আলোচনা করো।

★★★